

প্রতিযোগিতামূলক বিশ্বে টিকে থাকতে কম্পিউটার শিক্ষা গ্রহণ অপরিহার্য

বক্তা-মন্ত্রী

বক্তা প্রতিমন্ত্রী মিজানুর রহমান সিনহা বলেছেন, প্রতিযোগিতামূলক বিশ্বে টিকে থাকতে সাধারণ শিক্ষার পাশাপাশি কম্পিউটার শিক্ষা গ্রহণ অপরিহার্য।

তিনি মুন্সিবাবার সিরাজদিখান উপজেলা বাসমহল বাবুচর উচ্চ বিদ্যালয়ে কম্পিউটার শাখার আনুষ্ঠানিক উদ্বোধন উপলক্ষে ছাত্র-শিক্ষক অভিভাবকদের এক সমাবেশে প্রধান অতিথির বক্তৃতা করছিলেন।

স্থানীয় উন্নয়ন কমিটি ও স্কুল পরিচালনা কমিটির সভাপতি নজরুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন সংসদ সদস্য গিয়াস উদ্দিন, জেলা বিএনপির সাধারণ সম্পাদক মজিবুর রহমান মোল্লা, উপজেলা বিএনপি সভাপতি শাহজাহান খান, বিএনপি নেতা খন্দকার মাহবুবুর রহমান, সমসের আলম এবং ছাত্রদল নেতা মাসুদ। প্রতিমন্ত্রী

বলেন, সরকার শিক্ষার সকল স্তরে কম্পিউটার শিক্ষাকে জনপ্রিয় করে তোলার অংশ হিসেবে আগামী ৩ বছরে মাধ্যমিক স্তরে ১০ হাজার কম্পিউটার বিতরণ করবে।

প্রতিমন্ত্রী নৈতিক ও সামাজিক অবক্ষয় রোধে উন্নত মানবসম্পদ গড়ে তোলার লক্ষ্যে প্রচলিত শিক্ষা ব্যবস্থার মানোন্নয়নের ওপর গুরুত্বারোপ করেন। তথ্য বিবরণী।